ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৪৬৬
শান্তিরবাজার,২৭ জুন,২০২৫

**জোলাইবাড়ি ব্লকে প্রশাসনিক ও জনসচেতনতা শিবির অনুষ্ঠিত**

জোলাইবাড়ি ব্লকের দক্ষিণ হিচাছড়া কমিউনিটি হলে গতকাল ধরতি আবা জনভাগীদারি অভিযানের অঙ্গ হিসেবে একদিনের প্রশাসনিক ও জনসচেনতা শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে শান্তিরবাজার মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ৯০টি পি.আর.টি.সি., ৯৫টি এস.টি., ৫৯টি ইনকাম, ৩০টি ম্যারেজ সার্টিফিকেটের জন্য আবেদনপত্র জমা নেওয়া হয়। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে রোগীদের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ওষুধ দেওয়া হয়। প্রাণীসম্পদ বিকাশ দপ্তর থেকে গবাদি পশুপাখির চিকিৎসা করে বিনামূল্যে ওষুধ দেওয়া হয়। এছাড়াও বিভিন্ন সরকারি দপ্তরের আধিকারিকগণ শিবিরে নানা পরিষেবা প্রদান করেন।

*****